আফগানিস্তানকে উড়িয়ে নিউজিল্যান্ডের জয়

বাংলাদেশের বিপক্ষে লড়াই করে জিততে হয়েছিল নিউজিল্যান্ডকে। আফগানিস্তান তাদের কাছে পাত্তাই পেলো না। বিশ্বকাপে কিউইরা টানা তৃতীয় ম্যাচ জিতেছে ৭ উইকেটে।

শনিবার টন্টনে টস জিতে ফিল্ডিং নেয়
নিউজিল্যান্ড। জিমি নিশাম ও লকি ফার্গুসনের দুর্দান্ত বোলিংয়ে তারা ৪১.১
ওভারে ১৭২ রানে অলআউট করে তারা আফগানিস্তানকে। কেন উইলিয়ামসনের অপরাজিত
হাফসেঞ্চুরিতে ৩২.১ ওভারে ৩ উইকেটে ১৭৩ রান করে ব্ল্যাক ক্যাপরা।

হযরতউল্লাহ জাজাই ও নুর আলী জাদরানের ৬৬
রানের উদ্বোধনী জুটিতে শুভ সূচনা হয়েছিল আফগানদের। কিন্তু স্কোরবোর্ডে এই
রান থাকতেই তিন ব্যাাটসম্যানকে বিদায় করে নিউজিল্যান্ড। জাজাই ৩৪ ও নুর ৩১ রানে আউট হন।

হাশমতউল্লাহ শহীদীর ৫৯ রানের ইনিংসে শেষ
পর্যন্ত ব্যাটিং লজ্জা এড়ায় আফগানিস্তান। এছাড়া আফতাব আলম (১৪) কেবল দুই
অঙ্কের ঘরে রান করেন।

নিশাম ১০ ওভারে ৩১ রান দিয়ে নেন ৫ উইকেট, চারটি পান ফার্গুসন।

ছোট লক্ষ্যে নেমে প্রথম বলেই মার্টিন গাপটিল
ফিরে যান। আফতাবের বলে রানের খাতা না খুলে বিদায় নেন এই ওপেনার। নিউজিল্যান্ডের ৪১ রানে এই ডানহাতি পেসার ফেরান কলিন মুনরোকে (২২)।

এরপর রস টেলরের সঙ্গে উইলিয়ামসনের জুটিতে সহজ
জয়ের পথে এগোতে থাকে কিউইরা। যদিও টেলরকে আক্ষেপে পুড়তে হয়। ৪৮ রানে
আফতাবের কাছে বোল্ড হন বাংলাদেশের বিপক্ষে দারুণ ইনিংস খেলা এই ব্যাটসম্যান।